

দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আথাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১০/২০১৪

সকল সম্মানিত সদস্যদের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-৬৩, তারিখ-১১/০২/২০১৪ইং সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

তারিখঃ ১২/০২/২০১৪ খ্রিঃ

৩০ মাঘ, ১৪২০ বাংলা

মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ৬৩

তারিখঃ ১১/২/১৪

বিষয়ঃ বিল অব এক্সপোর্টের বিপরীতে প্রিপেইড এ্যাকাউন্টের মাধ্যমে প্রযোজ্য শুল্ক করাডি ও চার্জসমূহ অটোমেটেড পদ্ধতিতে পরিশোধ করণের বিষয়টি বাধ্যতামূলককরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০-০২-২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে সকল রপ্তানি শুল্কায়ন সেকশনে দাখিলকৃত বিল অব এক্সপোর্টের বিপরীতে প্রযোজ্য শুল্ক করাডি ও চার্জসমূহ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের সংশ্লিষ্ট মডিউল এবং সোনালী ব্যাংক লিঃ, কাস্টম হাউস শাখায় সদ্য চালুকৃত প্রিপেইড এ্যাকাউন্টের মাধ্যমে অটোমেটেড পদ্ধতিতে বাধ্যতামূলকভাবে পরিশোধ করতে হবে। উপর্যুক্ত পদ্ধতিতে বিল অব এক্সপোর্টের বিপরীতে প্রযোজ্য রাজস্ব প্রদান করা না হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টের নথি সংশ্লিষ্ট এ্যাসিস্ট্যান্ট কমিশনার পর্যায়ে নিষ্পত্তি হবে।

২। ইতোপূর্বে এ দপ্তরের অফিস আদেশ নং-৫৩, নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/০৫-কাস(১-৮), তারিখঃ ০১-০১-২০১৪ খ্রিঃ এর মাধ্যমে বিল অব এক্সপোর্টের রাজস্ব প্রিপেইড এ্যাকাউন্ট কারেন্টে জমাকৃত অর্থের বিপরীতে সমন্বয়করণ প্রসঙ্গে জারীকৃত আদেশের মাধ্যমে উক্ত কার্যক্রম পরিচালনা পদ্ধতি প্রণয়ন করা হয়েছে, যা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল।

স্বাক্ষরিত/-
(মোঃ মাসুদ সাদিক)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম
ফোনঃ ০৩১-৭১৩৯১৮।

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/(অংশ-১)/১৬২১(১৯)কাস

তারিখঃ ১১/২/১৪

পৃষ্ঠা নং- ১২